বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd
পাঠক্রম শাখা

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৩.২২.৯৪ তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৯
১৬ নভেম্বর ২০২২

বিষয়: **কেন্দ্রের ১১-১৬ গ্রেডভূক্ত কর্মচারীদের অংশগ্রহণে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ক অবহিতকরণ সভার সার-সংক্ষেপ।**

সূত্র: অফিস আদেশ নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৩.২২.৯৩, তারিখ-১৪/০১/২০২২
ইউও নোট নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৩.২২.৯২, তারিখ-১০/০১/২০২২

গত ১৫ নভেম্বর ২০২২ তারিখ কেন্দ্রের বিভিন্ন অনুবিভাগ/শাখা/অধিশাখা কর্তৃক মনোনীত এপিএ কার্যক্রমের সঙ্গে প্রত্যক্ষ-পরোক্ষভাবে সংশ্লিষ্ট মোট উনত্রিশ জন কর্মচারীর (১১-১৬ গ্রেডভুক্ত) অংশগ্রহণে এপিএ অবহিতকরণ শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন কেন্দ্রের এপিএ টিম লিডার, এমডিএস (পিএন্ডএস) জনাব আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ এবং এপিএ ফোকাল পয়েন্ট, জনাব হাসান মূর্তাজা মাসুম। এছাড়াও, সংক্ষিপ্তাকারে কথা বলেন উপপরিচালক (পিপিআর) জনাব এলিনা আকতার এবং কেন্দ্রের এপিএ সেলের সদস্য জনাব শামীম আদনান।

০২। অবহিতকরণ এ সভায় বিপিএটিসি'র এপিএ কার্যক্রমসংশ্লিষ্ট বহুবিধ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা উপস্থাপিত হয়। যার মূল লক্ষ্য ছিলো কেন্দ্রে এপিএ কার্যাদির সুষ্ঠু ও সঠিক সময়ে বাস্তবায়ন নিশ্চিতকরণ। সভায় উপস্থিত সদস্যগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে এপিএ'র বিভিন্ন বিষয়ে আলোকপাত করা হয় এবং নিম্নোক্ত সুপারিশমালায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়-

(ক) বিপিএটিসি'র ওয়েবসাইটে প্রকাশিত এপিএ সংশ্লিষ্ট দলিলাদি (যেমন-অর্থবছরের এপিএ লক্ষ্যমাত্রা, এপিএ মূল্যায়ন নির্দেশিকা) সম্পর্কে সঠিক ধারণা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের মধ্যে বিপিএটিসি'র এপিএ লক্ষ্যমাত্রা অর্জন যেনো পূর্বেকার অর্থবছরের চেয়ে শ্রেয় হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।

(গ) এপিএ লক্ষ্যমাত্রাসমূহের অর্জনের ক্ষেত্রে শুধু শেষ তারিখ (Deadline) এর উপর নির্ভর করা চলবেনা বরং নির্ধারিত সময়সীমার পূর্বেই যেনো লক্ষ্যমাত্রা অর্জন করা যায় তার সচেষ্ট প্রয়াস অব্যাহত রাখতে হবে।

(ঘ) লক্ষ্যমাত্রাসমূহের অর্জন যেনো প্রশ্নসাপেক্ষ না হয় সেদিকে বিশেষ নজর দিতে হবে। এক্ষেত্রে, উপযুক্ত প্রমাণকের কোনো বিকল্প নেই। এপিএ মূল্যায়ন নির্দেশিকার আদলে প্রমাণক সংগ্রহে, প্রস্তুতকরণে বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে।

(ঙ) উপযুক্ত প্রমাণক প্রস্তুতকরণ, সংগ্রহের পাশাপাশি তা সংশ্লিষ্ট শাখা কর্তৃক পুরো অর্থবছরব্যাপী সংরক্ষণে বিশেষভাবে মনোযোগী হতে হবে। এছাড়াও, নির্ধারিত সময়সীমা অনুসরণপূর্বক লক্ষ্যমাত্রাসংশ্লিষ্ট প্রমাণকসমূহ পিপিআর অনুবিভাগ/রেকর্ড শাখায় প্রেরণ করতে হবে।

(চ) কেন্দ্রের এপিএ কার্যক্রম, লক্ষ্যমাত্রা, প্রমাণক ইত্যাদি বিষয়ে কোনো অস্পষ্টতা, প্রাসঙ্গিক প্রশ্ন অথবা জিজ্ঞাসা উদ্ভূত হলে তা কেন্দ্রের এপিএ টিম/সেলভুক্ত সদস্যবৃন্দের সাথে আলোচনা/পরামর্শপূর্বক স্পষ্টীকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

০৩। বিপিএটিসি'র এপিএ কার্যক্রমের সার্বিক সাফল্য এবং সকলের স্বতঃস্ফূর্ত ও সমবেত প্রয়াসের আহবান জানিয়ে অবহিতকরণ সভার কার্যক্রম সমাপ্ত করা হয়।

সংযুক্তি: উপস্থিতির হাজিরা, স্থির চিত্র-১, স্থির চিত্র-২,
স্থির চিত্র-৩, স্থির চিত্র-৪, স্থির চিত্র-৫, ও স্থির চিত্র-৬

১৭-১১-২০২২
হাসান মূর্তাজা মাসুম
পরিচালক (পিপিআর) ও এপিএ ফোকাল পয়েন্ট
ফোন: ০২২২৪৪৪৬৬০৭
ফ্যাক্স: ০২২২৪৪৪৫০২৯
ইমেইল: ppr.bpatc@gmail.com

এপিএ টিম লিডার, বিপিএটিসি, সাভার, ঢাকা

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৩.২২.৯৪/১(২২)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৯
১৬ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) এমডিএস, বিপিএটিসি, সাভার, ঢাকা
২) পরিচালক (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
৩) রেক্টর-এর একান্ত সচিব, রেক্টর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্যে)
৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (কেন্দ্রের বাতায়নে প্রকাশের অনুরোধসহ)
৫) জনাব.....

১৭-১১-২০২২
হাসান মূর্তাজা মাসুম
পরিচালক (পিপিআর) ও এপিএ ফোকাল পয়েন্ট